## হাসিনার বিরুদ্ধে মিলল ‘রাজসাক্ষী’

**ঢাকা, ১০ জুলাই:** বাংলাদেশে গণহত্যা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা-সহ তিন জনের বিরুদ্ধে শুরু হল আনুষ্ঠানিক বিচারপ্রক্রিয়া। গত বছর ছাত্র-জনতার আন্দোলন দমনে মানবতাবিরোধী অপরাধের মামলায় বৃহস্পতিবার হাসিনা, প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও পুলিশের প্রাক্তন আইজি চৌধুরী আব্দুল্লা আল মামুনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তাঁদের বিরুদ্ধে খুন, খুনের চেষ্টা, নির্যাতন ও ষড়যন্ত্রের মতো অভিযোগ রয়েছে। অভিযোগে মামুনকে গ্রেফতার দেখানো হয়েছে। বৃহস্পতিবার তাঁকে ট্রাইব্যুনালে হাজির করানো হয়। বলা হয়েছে, নিজের দোষ স্বীকার করে রাজসাক্ষী হয়েছেন তিনি।

# আরও দেহ উদ্ধার, ভাদোদরায় সেতু বিপর্যয়ে মৃত্যু বেড়ে ১৫

**ভাদোদরা, ১০ জুলাই:** গুজরাতের ভাদোদরায় গম্ভীরা সেতু বিপর্যয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে হল ১৫। বৃহস্পতিবার সকালে ঘটনাস্থল থেকে আরও ৪টি দেহ উদ্ধার হয়েছে। এরপরই মৃতের সংখ্যা বেড়ে হল ১৫। ভদোদরা ও আনন্দকে সংযুক্তকারী গম্ভীরা সেতুটি যেখানে ভেঙে পড়েছে, সেই স্থানটি ইতিমধ্যেই পরিদর্শন করেছেন ভদোদরার কালেক্টর অনিল ধামেলিয়া। কালেক্টর এবং স্থানীয় প্রশাসনের অন্যান্য আধিকারিকরা বুধবার থেকেই এখানে ত্রাণ ও উদ্ধার অভিযান পরিদর্শন করছেন এবং পর্যালোচনা করছেন।




ভদোদরার কালেক্টর অনিল ধামেলিয়া বলেছে, ‘বৃহস্পতিবার আরও ৩টি মৃতদেহ উদ্ধারের পর মৃতের সংখ্যা ১৫ জনে দাঁড়িয়েছে। ৪ জন নিখোঁজ রয়েছেন। এনডিআরএফ এবং এসডিআরএফ ৪ কিলোমিটার পর্যন্ত অনুসন্ধান ও উদ্ধার অভিযান চালাচ্ছে। ঘটনাস্থলে দু’টি গাড়ি কাদায় আটকে আছে। আমরা জনসাধারণের কাছ থেকে সেই গাড়িগুলির বিস্তারিত তথ্য চাইছি। বৃষ্টিপাত হচ্ছে এবং নদীতে জলস্তর বেড়েছে।’ সেতু থেকে ঝুলন্ত ট্রাকটি সম্পর্কে তিনি বলেন, ‘এটি একটি খালি ট্যাঙ্কার। আমরা যদি এটি সরিয়ে নিই, তাহলে এটি পড়ে যেতে পারে। ট্যাঙ্কারটিকে স্থিতিশীল করার প্রক্রিয়া চলছে, কারণ সেতুর ঠিক নীচে উদ্ধার অভিযান চলছে।’

বুধবার সকালে মহিসাগর নদীর ওপর ভেঙে পড়ে গম্ভীরা সেতু। এই সেতু বিপর্যয়ে স্থানীয়রা আঙুল তুলেছেন প্রশাসনের দিকে। অভিযোগ, ৪০ বছরের পুরনো সেতুটির দেখভাল ঠিক ভাবে করা হয়নি। প্রবল যানজট হত সেতুতে। যান চলাচলের জন্য ক্রমশ ঝুঁকিপূর্ণ হচ্ছিল। কিন্তু একাধিক বার প্রশাসনকে জানিয়েও লাভের লাভ কিছু হয়নি। মধ্য গুজরাতের সঙ্গে সৌরাষ্ট্রের যোগাযোগের অন্যতম ভরসা গম্ভীরা সেতু। তা ছাড়া, আনন্দ, ভাদোদরা, ভারুচ, অঙ্কলেশ্বরের স্থানীয় লোকজন দৈনন্দিন চলাচলের জন্য এই সেতু ব্যবহার করতেন।

## মেঘভাঙা বৃষ্টিতে ব্যাপক ক্ষয়ক্ষতি মাণ্ডিতে, হিমাচলে মৃত্যু বেড়ে ৮৫

**মাণ্ডি, ১০ জুলাই:** সাম্প্রতিক মেঘভাঙা বৃষ্টি ও হড়পা বানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে হিমাচল প্রদেশের মাণ্ডি জেলার থুনাগে। গৃহহীন বহু পরিবার। দুর্গত মানুষজনের জন্য মাণ্ডির থুনাগে কমিউনিটি রান্নাঘরের ব্যবস্থা করা হয়েছে। সেখানে রান্না করা খাবার দুর্গতদের পরিবেশন করা হচ্ছে।



মেঘভাঙা বৃষ্টি ও আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত থুনাগের একজন স্থানীয় দোকানদার বলেন, ‘গত ২৫ বছর ধরে আমি থুনাগে একটি দোকান চালাচ্ছি। এখন গত ২৫ বছরে আমার সমস্ত উপার্জন হারিয়ে গেছে। ৫০-৬০ লক্ষ টাকার জিনিসপত্র সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। কিছুই অবশিষ্ট নেই। আমার বাড়িও ক্ষতিগ্রস্ত হয়েছে। সরকারের পক্ষ থেকে এখনও পর্যন্ত কেউ ক্ষতির হিসাব করতে আসেনি।’ স্থানীয় এক বাসিন্দা বলেন, ‘সেদিন এত ঝড় হয়েছিল, যে কিছুই টিকে নেই। গবাদি পশু সবকিছুই শেষ হয়ে গেছে। আমার ১০০টি ছাগল এবং ৪টি গরু ছিল এবং সবই শেষ হয়ে গেছে। সেখানে কিছুই নেই। সেখানে তিনটি বাড়িও শেষ হয়ে গেছে। আমরা এখন উপরের প্রান্তে বাস করছি এবং সবাই আমাদের সাহায্য করছে কিন্তু নীচের প্রান্তে কিছুই অবশিষ্ট নেই। আমরা কখনও এমন বন্যা দেখিনি।’ উল্লেখ্য, হিমাচলপ্রদেশে এই বছরের প্রাকৃতিক দুর্যোগে ৮৫ জনেরও বেশি মানুষ মারা গিয়েছেন, যার মধ্যে মাণ্ডিতেই ১৭, এখনও নিখোঁজ ৩৫ জনেরও বেশি। অনেক মানুষ গৃহহীন হয়েছেন। শত শত মানুষ বিভিন্ন আশ্রয়কেন্দ্রে বসবাস করছেন।

# ময়দান

## লর্ডসে ব্যর্থ ভারতীয় পেস আক্রমণ

# লর্ডসে প্রথম দিনের শেষে চালকের আসনে ব্রিটিশরা




**লর্ডস, ১০ জুলাই:** টেস্ট সিরিজের তৃতীয় ম্যাচে প্রথম ইনিংসে বল করার সুযোগ পেয়েও তা কাজে লাগাতে পারল না ভারত। লর্ডসের ঐতিহাসিক মাঠে প্রথম দিনের শেষে স্পষ্ট হয়ে উঠল;এই মুহূর্তে ম্যাচে এগিয়ে রয়েছে ইংল্যান্ড। সিরিজে প্রথম ম্যাচে হারের পর দ্বিতীয় ম্যাচে দুর্দান্ত প্রত্যাবর্তনের পরেও, লর্ডসে আবার ব্যাকফুটে শুভমান গিলের দল। টস হারার পরেও শুভমান গিল পেয়ে যান প্রথমে বল করার সুযোগ, যা তিনি নিজেই চেয়েছিলেন। কিন্তু ভারতীয় পেস আক্রমণ; সিরাজ, আকাশ দীপ এবং দলে ফেরা বুমরাহ; শুরুতে কোনও ছাপ ফেলতে পারল না। পিচে কিছুটা সুইং থাকলেও, সেটার যথাযথ ব্যবহার করতে ব্যর্থ হন তাঁরা। জ্যাক ক্রলি এবং বেন ডাকেট শুরুতে কিছুটা অস্বস্তিতে থাকলেও, প্রথম ঘণ্টা পার করে দেন নির্বিঘ্নে। স্কোরবোর্ডে ততক্ষণে উঠেছে ৪০-এর বেশি রান, উইকেট নেই একটিও। অবশেষে ম্যাচে টার্নিং পয়েন্ট আসে ১৩তম ওভারে। শুভমানের কৌশলে আক্রমণে আসেন নীতীশ রেড্ডি। এবং ওভারেই ম্যাচ ঘুরিয়ে দেন তিনি। তৃতীয় বলে উইকেটরক্ষকের গ্লাভসে বল লাগিয়ে আউট করেন ডাকেটকে (২৩), এবং ওভারের শেষ বলে দুর্দান্ত ডেলিভারিতে ফিরিয়ে দেন ক্রলিকে (১৮)। ৪৪ রানে দুই ওপেনারকে হারিয়ে ধাক্কা খায় ইংল্যান্ড। কিন্তু এরপর আবার ছন্দে ফেরে ইংল্যান্ড। অভিজ্ঞ জো রুট ও অলি পোপ দলকে সামলে নিতে শুরু করেন। রুটের ব্যাট ছিল দৃঢ় ও স্থির, ‘বাজবল’ নীতির বাইরে গিয়ে গড়েন ইনিংস। যদিও চা বিরতির পরে প্রথম বলেই রবীন্দ্র জাদেজার বলে এলবিডব্লিউ হন পোপ (৪৪)। এরপরেই বুমরাহ পান তাঁর প্রথম সাফল্য, বোল্ড করেন হ্যারি ব্রুককে (১১)। তবে তারপর আর বল হাতে বড় প্রভাব ফেলতে পারেননি বুমরাহ, যিনি দ্বিতীয় টেস্টে ছিলেন উইকেটহীন। দিনের শেষে অপরাজিত থেকে মাঠ ছাড়েন জো রুট (৯৯*) এবং অধিনায়ক বেন স্টোকস (৩৯*)। দু’জন মিলে গড়ে তুলেছেন এক শক্ত ভিত। ভারতের পেসাররা যদি শুক্রবার সকালে দ্রুত উইকেট তুলতে না পারেন, তাহলে জো রুট এবং স্টোকসের ব্যাট থেকে আরও বড় রানের সম্ভাবনা প্রবল। ব্যাট হাতে গিল-যশস্বীরা চাপের মুখে পড়তে পারেন। তাই দ্বিতীয় দিনের শুরুটা ভারতের জন্য হতে চলেছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# লর্ডসে সম্মানে ভূষিত ‘লিটল মাস্টার’! উন্মোচিত প্রতিকৃতি

**লর্ডস, ১০ জুলাই:** লর্ডস টেস্টে এক ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী রইল ক্রিকেট বিশ্ব। বৃহস্পতিবার ইংল্যান্ড-ভারত তৃতীয় টেস্ট শুরুর ঠিক আগে ঐতিহ্যবাহী লর্ডসের ঘণ্টা বাজালেন ভারতের কিংবদন্তি ব্যাটসম্যান শচীন তেণ্ডুলকর। ক্রিকেটের ‘লিটল মাস্টার’ এই প্রথমবার লর্ডসের ঘণ্টা বাজানোর মর্যাদা পেলেন। ২০০৭ সাল থেকে শুরু হওয়া এই প্রথা অনুযায়ী, ম্যাচ শুরুর আগে ঘণ্টা বাজান একজন বিশিষ্ট ক্রিকেট ব্যক্তিত্ব। এবার সেই তালিকায় যুক্ত হল শচীনের নাম, যাঁর সঙ্গে এখন এক কাতারে রয়েছেন স্যার ভিভ রিচার্ডস, কপিল দেব, শেন ওয়ার্ন, গাভাসকর, দ্রাবিড়রাও। ঘণ্টা বাজানোর আগে এমসিসি মিউজিয়ামে এক বিশেষ অনুষ্ঠানে শচীনকে সম্মান জানানো হয়। সেখানে তাঁর একটি প্রতিকৃতি উন্মোচন করা হয়, যেটি আঁকেন খ্যাতনামা শিল্পী স্টুয়ার্ট পিয়ারসন রাইট।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোবাইল
৯৩৩১০৫৯০৬০/
৯০০৭২৯৯৩৫৩/
৯৮৭৪০ ৯২২২০

**Khanakul-II Panchayat Samity**
**Senhat, Rajhati, Bandar, Hooghly**

**NOTICE INVITING TENDER**

The EO Kh-II PS, **NIeT No.-17/E.O. Kh-II/ 2025-26 (1st Call), Date: 10.07.2025. Tender ID: 2025_ZPHD_876598_1 to 16** for High Mast Light. Last date of bids ends on **24.07.2025 up to 06:00 PM.** For detail visit **www.wbtenders.gov.in**

Sd/-
EXecutive Officer
Khanakul-II Panchayat Samity

**Guskara Municipality**
Guskara: Purba Bardhaman

Notice Inviting e-Tender No:- 05/2025-26 (1st Call)
Memo No: 503/GM Dated : 10.07.2025
1st Call for N.I.e.T 05/2025-26 is invited by this Municipal Authority for setting up Solar System at Municipal Lodge Building & Administrative Building under Guskara Municipality. Last date of bid submission of e-tenders is on 01.08.2025 up to 12.00 P.M. For detail visit **www.wbtenders.gov.in**, **guskaramunicipality.co.in**

Sd/-
Executive Officer
Guskara Municipality

**e-Tender Notice**

N.I.e-T. No.: 17/2025-26/ S.B.M (G) vide Memo No.: 1908/Bh-I Block, dated 10/07/2025 has been published.
Details of N.I.e-T :
**http://wbtenders.gov.in**
*Sd/- Block Development Officer, Bharatpur-I B.D.O, Murshidabad*

**TENDER NOTICE**

| NIT No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/190/25-26 Dated 10.07.2025 | Upgradation of Road From 1st 30 feet to Bikash Varati School, In Ward No-35 under Rajpur-Sonarpur Municipality. | Rs. 4,18,299.00 |

Bid Submission end date: **19.07.2025 at 11-00 hrs.** For more information please visit **http://www.wbtenders.gov.in**

**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**ASANSOL MUNICIPAL CORPORATION**

**2nd Call 2nd Corrigendum Notice**
**N.I.E. ET. No. 75/WS/ Eng/25 Dt. 24-03-25**
Bid Submission period: 21.07.25 instead of 09.07.25
Visit to website **www.wbtenders.gov.in**
For details please contact to Tender Cell, AMC.
**Sd/- SE,**
**Asansol Municipal Corporation**

**BOLPUR MUNICIPALITY**
**Bolpur, Birbhum**
**WBMAD/ULB/BM/PW/OWN FUND/ NIT-07(2ND CALL)/2025-2026**
**Memo no:-1379/PWD/BM/2025-26**
**Date:-10.06.2025**
**Name of the Work:-** 6 (Six) Sl. No. 1-6 Different type of Development work in Municipal Office and in ward no. 17 under Bolpur Municipality. Last Date-of Submission 21.07.2025, for details see Bolpur Municipality Notice Board & website : **www.wbtenders.gov.in**
**Sd/-**
**Chairman**
**Bolpur Municipality**

Office of The
**Srinarayanpur Purnachandrapur Gram Panchayat**
Vill+Po-Srinarayanpur, PS-Dholahat, South 24 pgs

NOTICE INVITING TENDER

| S.No | NIT NO | Tender Title | AMOUNT (Rs. |
|---|---|---|---|
| 1. | 8/15TH FC TIED/NIT/SPGP/2025 | SINKING TUBEWELL NEAR HOUSE OF BANAMALI | Rs. 173207 |
| 2. | 9/15TH FC TIED/NIT/SPGP/2025 | SINKING TUBEWELL NEAR HOUSE OF SIDDHESHWA R MA-JUMDAR | Rs. 173207 |
| 3. | 10/15TH FC TIED/NIT/SPGP/2025 | SINKING OF TUBEWELL NEAR THE HOUSE OF JANA RAUL | Rs. 173207 |

Intending bidders may collect tendered documents from th G.P.Office during the period as stated below

| S.N. | Particulars | Date & Hours |
|---|---|---|
| 1 | Tender doc. Sales starts & bid submission start date & time | 11/07/2025 at 10:30 AM |
| 2 | Tender doc. Sales end & bid submission end date & time | 17/07/2025 at 10:30 PM |
| 3 | Earnest money depositing end date & time | 17/07/2025 at 10:30 PM |
| 4 | Bid opening date & time | 21/07/2025 at 12:30 PM |

Sd/-, Prodhan
Srinarayanpur Purnachandrapur Gram Panchayat

**KANCHRAPARA MUNICIPALITY**

The Following E-Tender are invited by the Chairman, on behalf of Kanchrapara Municipality from well reputed Agency/Personnel through the Website **https://wbtenders.gov.in Tender Notice No-917 Dt. 05/07/2025** for different Civil Work under jurisdiction of Kanchrapara Municipality, **Tender ID: 2025_MAD_874764_1-15,** Last Date of Bid Submission **28/07/2025 at 17.00 Hrs.**
Sd/- **Kamal Adhikary**
**Chairman,**
**Kanchrapara Municipality**

Office of the
**PROSADPUR GRAM PANCHAYAT**
**Vill - Prosadpur,**
**P.O- Haribhanga,**
**P.S & Dist-Murshidabad**
**NIeT. No. 02/PGP/15 th FC/Un-Tied/2025-26.** Date of publishing: **10/07/2025 from 6.00 p.m** on **htpp://wbtenders.gov.in**
Bid downloading starts from: **10/07/2025 from 6.00 p.m.** Bid Downloading ends : **18/07/2025 up to 5.00 p.m .** Last date of Bid submission: **18/07/2025 upto 5.00 p.m.** Technical Bid opening date: **21/07/2025 at 11.00 a.m**
For details logon to **htpp://wbtenders.gov.in** or contact with office of the undersign.
**Sd/-Prodhan**
**Prosadpur G.P, M-J Block**

**TENDER NOTICE**

| NIT No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/191/ 25-26 Dated 10.07.2025 | Construction of Surface Drain & Culvert 1)From H/O Khokon Dutta (Kochi Buro) To H/O Jaladhar 2) From H/O Subodh Gupta To H/O Anil Sharma 3)From H/O Rajkumar Shaw To H/O Ramjanam Sharma, In Ward No-35 Under Rajpur Sonarpur Municipality. | Rs. 7,94,321.00 |
| WBMAD/ULB/ RSM/192/ 25-26 Dated 10.07.2025 | Construction of Concrete Road From Rania FP School Pump House To Bikash Bharati School, In Ward No-35 Under Rajpur Sonarpur Municipality. | Rs. 7,23,238.00 |

Bid Submission end date: **19.07.2025 at 11-00 hrs.** For more information please visit **http://www.wbtenders.gov.in** **Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**Sahajadapur Gram Panchayat**
**Dakshin Bijaynagar, Joynagar-II, South 24 Parganas**

**Notice Inviting e-Tender**

E-Tender is invited from Reputed, Bonafied Tenderer for 3 Nos. scheme vide **NIT No: 145/Saha/15th FC(Tied)/25-26 & 146/Saha/(Own fund)/ 25-26, Dated- 10.07.2025.** Documents Downloaded/Sale & Bid Submission Start date : **11.07.2025 from 11:00 AM** and Closing date (Online) : **19.07.2025 up to 12:00 Noon.** Tender opening date (Online): **21.07.2025 on 12:30 P.M.** For detailed information visit **www.wbtenders.gov.in Tender id: 2025_ZPHD_876866_(1-2) & 2025_ZPHD_876919_1** also available at undersigned G.P.
**Sd/-**
**Pradhan**
**Sahajadapur Gram Panchayat**

## সৌরভ ও ক্রিকেটের সাফল্য কামনায় গুরুপূর্ণিমায় দেবধামে প্রদীপ

**নিজস্ব প্রতিবেদন:** প্রখ্যাত ক্রীড়া সংগঠক। সিএবির মেডিক্যাল কমিটির চেয়ারম্যান প্রদীপ কুমার দে’কে সকলে লোকে জয় জগন্নাথ বাপি নামেই তাঁকে চেনে। সারা বছরই মানুষের সেবায় নিজেকে নিয়োজিত করে থাকেন।পুরীর জগন্নাথ মন্দিরে তাঁর অবাধ যাতায়াত।বৃহস্পতিবার গুরুপূর্ণিমার দিনে পুরীর জগন্নাথ মন্দিরের গুরুর কাছেই ছুটলেন তিনি। দুটো কারণ। সৌরভ গঙ্গোপাধ্যায়ের জন্মদিন সবে গেছে, তাঁর দীর্ঘায়ু ও সাফল্য কামনা, অন্যটা বাংলার ক্রিকেটের ও ক্রিকেটারদের সাফল্য। এই প্রসাদ এনেই সৌরভকে উপহার দিতে চান তিনি। ময়দানের পরিচিত মুখ উত্তর কলকাতার প্রদীপ কুমার দে দেব ভক্তির পাশাপাশি বাংলার ক্রিকেটেরও ভক্ত। নিজের দায়িত্বে অবিচল। সবসময়ই তিনি নিষ্ঠার সঙ্গে সিএবির মেডিক্যাল কমিটির চেয়ারম্যানের দায়িত্ব সামলাচ্ছেন



প্রদীপ কুমার দে ।আন্তর্জাতিক ম্যাচ হোক বা আইপিএল, প্রতিবারই সজাগ থাকেন ক্রিকেটারদের নিয়ে।সে কারণেই তাঁকে প্রশংসায় ভরিয়ে দিয়েছিলেন ভারতের টি২০ অধিনায়ক সূর্যকুমার যাদব থেকে ইংল্যান্ড অধিনায়ক জস বাটলার থেকে ব্রেন্ডন ম্যাককালাম পর্যন্ত।এমনকি আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের ফ্র্যাঞ্চাইজির মালিক শাহরুখ খান পর্যন্ত।

**ম্যাচ গড়াপেটার অভিযোগ, প্রতিবাদে ময়দান সাথী:** কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনের খেলায় বেশ কয়েকবার ম্যাচ গড়াপেটার অভিযোগ উঠেছে। গত বছর তো বটেই এই বছরও অনেক ম্যাচ দেখে এমন প্রশ্ন তুলেছে ফুটবলপ্রেমীরা। একাধিক দলের কর্মকর্তারা সরাসরি ম্যাচ ফিক্সিংয়ে যুক্ত বলেও অভিযোগ উঠেছে। এই সব ঘটনার প্রতিবাদে এবার রাজপথে নামছে ময়দান সাথী। আগামী সপ্তাহে ময়দানে কিংবদন্তি গোষ্ঠ পালের*মূর্তির পাদদেশে অবস্থান বিক্ষোভ কর্মসূচি করবে ময়দান সাথী। উপস্থিত থাকবেন একাধিক প্রাক্তন ফুটবলাররা। ময়দানের বিভিন্ন ক্লাবের কর্মকর্তারাও থাকবেন বলে জানা যাচ্ছে।

# জবির গোলে জয়ী ডায়মন্ড হারবার

**নিজস্ব প্রতিবেদন:** বিধাননগরের মাঠে ভবানীপুরকে ১-০ গোলে হারিয়ে জয়ী ডায়মন্ড হারবার। জবি জাস্টিনের গোলে জয় পেল ডায়মন্ড। জয়ের হ্যাটট্রিকের পর ডায়মন্ডের কাছে এবারের লিগে প্রথম হারের মুখোমুখি ভবানীপুর। এই বছর লিগে অন্যতম শক্তিশালী দল ভবানীপুর। তাদের বিরুদ্ধে ম্যাচে ডায়মন্ড হারবার দলে বেশ কিছু সিনিয়র খেলোয়াড়কে অন্তর্ভুক্ত করেছিল। নরহরি শ্রেষ্ঠা, জবি জাস্টিন এবং আঙ্গুসানাদের মতো খেলোয়াড়েরা ছিলেন দলে।

গোটা ম্যাচজুড়ে একাধিক সুযোগ নষ্ট করে ভবানীপুর। যার খেসারত হিসেবে এই হার। অন্যদিকে প্রথমে কিছুটা হোঁচট খেলেও পরে খেলা ধরে নেয় জবিরা। ম্যাচের ২১ মিনিটে সুপ্রিয় পন্ডিতের একটি ক্রস হেডে ক্লিয়ার করেন ভবানীপুর ডিফেন্ডার সুজিত সাধু। ৩২ মিনিটে বিশাল দাসের কর্ণার গোলকিপারের হাত ছুঁয়ে যায়। বল পেয়ে জালে জড়িয়ে দেন জবি। ৪০ মিনিটে সুপ্রিয় পন্ডিত আরও একবার বল নিয়ে এগোলে সামাদ আলি মল্লিক ক্লিয়ার করতে ব্যর্থ। বল নিয়ে এগিয়ে গিয়ে সুপ্রিয় আঙ্গুসানার



উদ্দেশ্যে ক্রস করেন।

আঙ্গুসানা ব্যর্থ হলে ফিরতি বল জবি পেলেও শট চলে যায় মাঠের বাইরে। ৪৪ মিনিটে বাঁদিক থেকে ভবানীপুরের সুকুরাম সর্দার এগিয়ে দেন পাস বাড়ান বিদ্যাসাগরের দিকে। শট সোজাসুজি গোলকিপারের হাতে চলে যায়। পরে বাঁদিক থেকে সান্থোই মিতেই এর অনবদ্য চেষ্টা, তাও বাঁচিয়ে দেন ডায়মন্ড গোলকিপার সুস্নাত মালিক। ৭৭ মিনিটে সুবর্ণ সুযোগ নষ্ট ডায়মন্ডের। বেলেলের ক্রস রাহুল পাসওয়ানের শট ভবানীপুরের গোলকিপার প্রিয়ান্ত সিং বাঁচিয়ে দেন। সুবর্ণ সুযোগ মিস ডায়মন্ডের। ৭৮ মিনিটে সলমনকে আটকাতে গিয়ে কনুই চালিয়ে বসেন বিশাল। লাল কার্ড (দ্বিতীয় হলুদ) দেখে মাঠের বাইরে যেতে হয় ডায়মন্ড মিডফিল্ডারকে।

**NIT No. 01 of 2025-26 of the Assistant Engineer (A-I) Kalna-II (A-I) Sub-Division, Purba Bardhaman**

On behalf of the Governor of west Bengal, 01 (one) no. sealed tender as mentioned in Annexure -I in WB Form no 2911(ii) is invited by the Assistant Engineer (A-I), Kalna-II (A-I) Sub-Division, Srirampur, Purba Bardhaman from the bonafied and resourceful agencies with sound technical and financial capabilities and having experience of similar type of works as mentioned in the said N.I.T. For details of said NIT may be available from this office on any working day from 11.00 A.M. to 2.00 P.M. Last date of application and availability tender paper 17.07.2025, up to 2.00 P.M’ and 21.07.2025 up to 3.00 P.M. respectively.

**Sd/- Assistant Engineer (A-I)**
**Kalna-II (A-I) Sub-Division**

**পূর্ব রেলওয়ে**

জিইএম বিড নং. জিইএম/২০২৫/বি/ ৬৪৩০১৭৯ তারিখ ঃ ০৮.০৭.২০২৫। চিফ ওয়ার্কস ম্যানেজার, পূর্ব রেলওয়ে ওয়ার্কশপ, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩১৪৫ কর্তৃক “জিইএম বিড নং. জিইএম/২০২৫/বি/৬৪৩০১৭৯-এর মাধ্যমে তিন (০৩) বছরের জন্য বহিরাগত সংস্থা দ্বারা লোকো ওয়েল্ডিং শপ নং. ৩এ/কেপিএ-এর বিভিন্ন ওয়েল্ডিং মেশিন এবং এর আনুষঙ্গিক সরঞ্জাম রক্ষণাবেক্ষণের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **বায়না অর্থ ঃ** ₹ ৫৩,৯০০.০০; **টেন্ডার নথি ঃ** ₹ ০.০০; **টেন্ডার মূল্য ঃ** ₹ ২৬,৯১,৭৬০.২৫; **বন্ধের তারিখ ও সময় ঃ** ১৮.০৭.২০২৫ তারিখ সন্ধ্যা ৬টায়। টেন্ডার নথি এবং সম্পূর্ণ বিশদ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে।

MISC-126/2025-26

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway
@easternrailwayheadquarter

**Durgapur Municipal Corporation**
**City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman**

**Notice Inviting e-Tender**

**1) Name of the work :** Alternative source of drinking water by Installation of Submersible Pump through Rig Boring System and Construction Water Reservoir with Laying of 75mm dia. HDPE pipe-line at JC Bose Hare Krishna Pally Basti within Ward No.-07 under DMC
**e-Tender No. : WBDMC/WS/COMM/NIT-66/25-26**
**Tender ID : 2025_MAD_877073_1 • Est. Amt. : Rs. 14,72,078.00**

**2) Name of the work :** Alternative source of drinking water by Installation of Submersible Pump through Rig Boring System and Laying of 75mm dia. HDPE pipe-line (Supplying, fitting and fixing) at Rishi Aurobindapally within Ward No.-16 under DMC
**e-Tender No. : WBDMC/WS/COMM/NIT-67/25-26**
**Tender ID : 2025_MAD_877081_1 • Est. Amt. : Rs. 10,16,475.00**
Last Date : **19.07.2025 upto 5:00 p.m.**

**3) Name of the work :** Installation of 3 No. Mark II Hand Pump by Rig Boring System at Sripally within Ward No.-30 under DMC
**e-Tender No. : WBDMC/WS/COMM/NIT-68/25-26**
**Tender ID : 2025_MAD_877085_1 • Est. Amt. : Rs. 7,53,390.00**
Last Date : **19.07.2025 upto 5.00 p.m.**
For details : **wbtenders.gov.in**

Sd/-
Executive Engineer, DMC

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**